# 📖 সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নাম্বারঃ ৮১

১৪. রাসূলুল্লাহ (ﷺ) এর তরবারির বিবরণ (باب ما جاء في صفة سَيْفِ رسول الله ﷺ)

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ ، قَالَ : حَدَّثَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ ، قَالَ : حَدَّثَنَا أَبِي ، عَنْ قَتَادَةَ ، عَنْ أَنَسٍ ، قَالَ : " كَانَتْ قَبِيعَةُ سَيْفِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ فِضَّةٍ " .

বাংলা

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সবসময় যে তরবারি ব্যবহার করতেন, তাঁর নাম ছিল যুলফিকার বা যুলফাকার। এ ছাড়াও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আরো কয়েকটি তরবারি ছিল। সেগুলো হলো,

১. আল মাসূর (উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত)।[1]

২. আল কাযীব (মারাত্মক ধারাল)।

৩. আল বাত্তার (সর্বাধিক কর্তনকারী)।

৪. আল লাহীফ (বেষ্টনকারী)।

---

৮১. আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর তরবারির বাটের অগ্রভাগ ছিল রৌপ্যের দ্বারা তৈরিকৃত।[2]

## English

Hazrat Anas radiyallahu anhu reports that the handle of the sword of the Prophet of Allah sallallahu alaihe wasallam was made of silver.

ফুটনোট

[1] এটি তিনি পিতার উত্তরাধিকারসূত্রে লাভ করেন। এ তরবারিটি তাঁর প্রথম তরবারী ছিল।

[2] আবু দাউদ, হা/২৫৮৫; সুনানে কুবরা লিল বায়হাকী, হা/৭৮২০।

ব্যাখ্যা

উল্লেখিত তরবারীটি ছিল যুলফিকার। মক্কা বিজয়ের দিন এটা রাসূলুল্লাহ (সাঃ) এর সাথে ছিল।

---

Allamah Bayjuri writes, about the sword named 'Dhulfiqaar', "At the time of conquering Makkah, the Prophet of Allah sallallahu alaihe wasallam had this sword."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=48995

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন